

4th India – Philippines Joint Commission on Bilateral Cooperation

November 06, 2020

ভারত-ফিলিপাইন দ্বিপাক্ষিক সহযোগিতার চতুর্থ যৌথ আয়োগ বৈঠক।

নভেম্বর 06, 2020

1. নভেম্বর 06, 2020 তারিখে ভারত প্রজাতন্ত্রের বিদেশমন্ত্রী ড. এস. জয়শংকর (ইএএম) এবং ফিলিপাইন প্রজাতন্ত্রের বিদেশ বিষয়ক মন্ত্রকের যুগ্ম সচিব শ্রী টিয়েডোরো লকসিন-এর যুগ্ম সভাপতিত্বে ভারত-ফিলিপাইন দ্বিপাক্ষিক সহযোগিতার যৌথ আয়োগের চতুর্থ বৈঠক অনুষ্ঠিত হয়েছে।
2. উভয় পক্ষ পারস্পরিক গুরুত্বপূর্ণ বিস্তারিত বিষয়ের উপরে ব্যাপক আলোচনা করেছেন। তারা ভারত-ফিলিপাইন দ্বিপাক্ষিক সম্পর্কের সাম্প্রতিক উন্নতির পর্যালোচনা করেছেন এবং উভয়ের মধ্যে সুদূরপ্রসারী সম্পর্কের ভবিষ্যৎ গতিপথ নিয়ে আলোচনা করেছেন। সভাপতিদ্বয় বর্ধিত প্রতিবন্ধকতার বিরুদ্ধে, বিশেষত নির্দিষ্ট করে কোভিড – 19 –এর মোকাবিলায় সহযোগিতাকে মজবুত করার জন্য তাদের অঙ্গীকারকে পুনরায় নিশ্চিত করেছেন।
3. সভাপতিদ্বয় দুই দেশের মধ্যে প্রতিরক্ষা ক্ষেত্রে সম্পর্ক এবং সামুদ্রিক সহযোগিতাকে, বিশেষত সামরিক প্রশিক্ষণ এবং শিক্ষা, দক্ষতা অর্জন, নিয়মিত শুভেচ্ছা সফর এবং সামরিক সরঞ্জাম সংগ্রহকে আরও শক্তিশালী করার জন্য সহমত ব্যক্ত করেছেন। সম্পর্কিত সংস্থাগুলির মধ্যে তথ্য বিনিময় এবং প্রয়োজনীয় বিশেষ প্রশিক্ষণের সহযোগিতার দ্বারা সন্ত্রাসবাদের মোকাবিলার ক্ষেত্রে সহযোগিতাকে বৃদ্ধি করার জন্য তারা সহমত হয়েছেন।
4. উভয় দেশের প্রাণবন্ত অর্থনৈতিক প্রত্যাশার আলোকে, বাণিজ্য এবং বিনিয়োগের সংযোগকে প্রসারিত করার জন্য সভাপতিদ্বয় সহমত হয়েছেন। কৃষি, স্বাস্থ্য ও ওষুধ প্রস্তুত, পর্যটন, শক্তি, আইসিটি এবং বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতাকে শক্তিশালী করার লক্ষ্যে কাজ করার জন্য উভয়পক্ষ সহমত হয়েছেন।
5. ফিলিপাইন দ্বারা ভারতীয় ছাত্রছাত্রীদের শিক্ষাক্ষেত্রে সুযোগ প্রদান করাকে বিদেশমন্ত্রী প্রশংসা করেছেন। তিনিও ফিলিপাইনীদের ভারতের উন্নয়ন এবং দক্ষতা অর্জনের সহযোগিতা প্রদান করাকে পুনরায় নিশ্চিত করেছেন। ITEC এবং e-ITEC উদ্যোগ উপলব্ধ করতে এবং আই আই টি-তে আসিয়ান ছাত্রদের জন্য ইন্টিগ্রেটেড পি এইচ ডি ফেলোশিপের সদ্ব্যবহার করার জন্য বিদেশমন্ত্রী ফিলিপাইনের ছাত্রছাত্রীদের, বিদ্বানদের এবং শিক্ষাবিদদের আমন্ত্রণ জানিয়েছেন।

6. ভারত এবং ফিলিপাইনের মধ্যে আরও প্রসারিত এবং পারস্পরিক উপযোগী সম্পর্কের জন্য উভয় দেশের নেতৃবৃন্দের দৃষ্টিভঙ্গির পথ অনুসরণ করে, উভয় সভাপতি , পুনর্নবীকরণ শক্তি, মহাকাশ, সাইবার সুরক্ষা এবং পরস্পরাগত ওষুধের মত উদগত ক্ষেত্রগুলিতে নিবিড় সহযোগিতাকে অন্বেষণ করার জন্য সহমত হয়েছেন।
7. দুই দেশের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ, পর্যটন এবং ছাত্রছাত্রী আদানপ্রদানকে প্রসারিত করার জন্য, ভারত ও ফিলিপাইনের মধ্যে ভিসা ব্যবস্থাকে সহজ করার লক্ষ্যে কাজ করার জন্য উভয় পক্ষ সহমত হয়েছেন।
8. বহুপাক্ষিক মঞ্চ আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়ে নিবিড় সমন্বয় সাধনে উভয় পক্ষ সহমত হয়েছেন। এই অঞ্চলের সকলের জন্য বর্ধিত সুরক্ষা , সমৃদ্ধি এবং বৃদ্ধি অর্জনের লক্ষ্যে ভারতের ভারত-প্রশান্ত মহাসাগরীয় উদ্যোগ (আইপিওআই) এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের উপরে আসিয়ান দৃষ্টিভঙ্গির পথ অনুসরণ করে এক বহুমুখী অংশীদারিত্বের প্রতি বিদেশমন্ত্রী এবং সচিব লকসিন তাদের অঙ্গীকারকে পুনরায় নিশ্চিত করেছেন।

নিউ দিল্লি
নভেম্বর 06, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.